

Ref সূত্র-২৪.০৪.০০০০.২০৫.২০.৪১১.১৮- ৬৯৭

Date ৩০/০৭/২০১৮

দপ্তর আদেশ

সংস্থার ০৫/০৪/২০১৭ তারিখের দপ্তর আদেশ সূত্র নং-২৪.০৪.০০০০.২০৫.২০.৪০২.১৭/১৬৫ এর মাধ্যমে সা. সেবা বিভাগের প্রাক্তন গাড়ীচালক জনাব মোঃ সিরাজ মোল্লা এর জন্ম তারিখ ১১/০৪/১৯৫৮ হওয়ায় ৫৯ বৎসর পূর্তিহেতু ১০/০৪/২০১৭ তারিখ অবসর এবং ১১/০৪/২০১৭ হতে ১০/০৪/২০১৮ তারিখ পর্যন্ত ০১ বৎসর পিআরএল প্রদান করা হয়। উক্ত দপ্তর আদেশ এর অনুবৃত্তিক্রমে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী নিম্নোক্তভাবে তার অবসরোত্তর পাওনাদি পরিশোধের অনুমোদন প্রদান করা হলো।

০২। জনাব মোঃ সিরাজ মোল্লা এর চাকুরীতে যোগদানের তারিখ ১১/০৪/১৯৮৩ হতে অবসর গ্রহণের তারিখ ১০/০৪/২০১৭ পর্যন্ত সংস্থার আদমজী জুট মিলস ও প্রধান কার্যালয়ে কর্মরত ছিলেন।

০৩। দায়-দেনা :

জনাব মোঃ সিরাজ মোল্লা এর নামে কোন বিভাগীয় মামলা অমিমাংসিত নাই, অভ্যন্তরীণ নিরীক্ষা ও বাণিজ্যিক নিরীক্ষা আপত্তি পাওয়া যায়নি। তবে হিসাব বিভাগের ছাড়পত্র মোতাবেক তিনি ৪১৬.৬৭ টাকা ফেরতযোগ্য।

০৪। ছুটি নগদায়ন ও ল্যাম্প এনক্যাশমেন্ট :

জাতীয় বেতন স্কেল ২০১৫ এর অনুঃ ৯ এর উপ ২(খ) বিধান অনুযায়ী একজন কর্মচারীর নগদায়নযোগ্য ছুটি ১৮ (আঠার) মাস অর্থাৎ ৫৪৭ দিন। জনাব মোঃ সিরাজ মোল্লা চাকুরী কালীন সময়ে ৩৬৫ (তিনশত ষয়ষষ্টি) দিন অর্জিত ছুটির নগদীকরণ সুবিধা ভোগ করেছেন। তার চাকুরী জীবনে (ভোগ ও নগদায়নকৃত ছুটি বাদ দিয়ে) অবশিষ্ট অর্জিত ছুটির পরিমাণ ৫৩১ দিন। ৩৬৫ দিন অবসরোত্তর ছুটি প্রদানের পর অর্জিত ছুটি জমার পরিমাণ (৫৩১-৩৬৫)= ১৬৬ (একশত ছয়ষষ্টি) দিন। চাকুরী কালীন সময়ে ৩৬৫ (তিনশত ষয়ষষ্টি) দিন ছুটির নগদীকরণ সুবিধা ভোগ করায় অবশিষ্ট (৫৪৭-৩৬৫)= ১৮২দিন ছুটির নগদীকরণ যোগ্য হলেও অবসরোত্তর ছুটি প্রদানের পর ১৬৬দিন ছুটি অবশিষ্ট থাকায় উক্ত ১৬৬ দিনের নগদীকরণ প্রাপ্য হবেন ও নিয়মানুযায়ী ল্যাম্প এনক্যাশমেন্ট প্রাপ্য হবেন।

নগদায়নকৃত ছুটির তথ্য নিম্নরূপঃ

নগদায়ন এর তারিখ ও পত্র পৃঃ	মোট দিন	মূল বেতন	মন্তব্য
২৭/০১/১৯৮৫	২০ দিন	৩৪০/-	
১৯/০২/১৯৮৬	২০ দিন	৬৯০/-	
২০/০৯/১৯৮৮	৩০ দিন	১০৬৫/-	
১১/০৩/১৯৯০	৩০ দিন	১২০০/-	
২৮/০৬/১৯৯৫	৪৫ দিন	২২৭৫/-	
১৩/০৫/১৯৯৯	৬০ দিন	৩৮৯০/-	
২০/০২/২০০০	৪০ দিন	৪০৪৫/-	
১৬/০৪/২০১৪	৬০ দিন	১২৪৫৫/-	
২৯/০৮/২০১৬	৬০ দিন	২১৪৫০/-	
মোট	৩৬৫ দিন		

০৫। জনাব মোঃ সিরাজ মোল্লা এর বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ প্রতি বছর জুলাই মাসের ০১ তারিখ (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী)। তিনি পিআরএল থাকাকালীন (১১/০৪/২০১৭ হতে ১০/০৪/২০১৮) ০১/০৭/২০১৭ তারিখে ০১টি স্বাভাবিক বেতন বৃদ্ধি প্রাপ্য। জাতীয় বেতন স্কেল'২০১৫ অনুযায়ী ০১/০৭/২০১৭ তারিখ ০১টি বার্ষিক বেতন বৃদ্ধিসহ মূল বেতন টাকা ২২,৫৩০.০০ টাকা নির্ধারন করা হয়েছে, যা শুধু আনুতোষিক প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য।

০৬। জনাব মোঃ সিরাজ মোল্লা এর চাকুরীতে যোগদানের তারিখ ১১/০৪/১৯৮৩। ৫৯ বছর পূর্তিতে অবসর গ্রহণের তারিখ ১০/০৪/২০১৭। অবসরোত্তর ছুটি এক বছর (১১/০৪/২০১৭ হতে ১০/০৪/২০১৮) সহ মোট চাকুরীকাল ৩৪ বৎসর ১১মাস ২৯ দিনের জন্য ৩৫ (ষয়ত্রিশ) টি পূর্ণ বৎসরে তিনি ৩৫×২=৭০টি মূলবেতনের সমপরিমাণ টাকা আনুতোষিক হিসেবে প্রাপ্য। সে মোতাবেক তিনি জাতীয় বেতন স্কেল/২০১৫ এর আওতায় সর্বশেষ মূল বেতন ২২,৫৩০.০০ টাকা হিসেবে (২২,৫৩০.০০×৭০)= ১৫,৭৭,১০০.০০ (পনের লক্ষ সাতাত্তর হাজার একশত) টাকা মাত্র আনুতোষিক হিসেবে প্রাপ্য।

অপর পৃঃ ৩৯



Ref

২

Date

পূর্ব পৃঃ দ্রঃ

০৭। তবে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনাব মোঃ সিরাজ মোল্লাকে তার আনুতোষিক বাবদ প্রাপ্য অর্থ হতে কর্তনযোগ্য অর্থ বাদ দিয়ে নিম্নোক্তভাবে অবসরোত্তর পাওনাদি সংস্থার নিয়ম মোতাবেক পরিশোধ করতে হবেঃ

ক্রঃ নং	বিবরণ	টাকা
ক	সর্বশেষ ১টি বার্ষিক বেতন বৃদ্ধিসহ মূল বেতন ২২,৫৩০.০০ টাকা হিসেবে আনুতোষিক বাবদ প্রাপ্য (২২,৫৩০.০০×৭০)=	১৫,৭৭,১০০.০০
খ	অগ্রিম বেতন বাবদ ফেরতযোগ্য	(+)৪১৬.৬৭
গ	আনুতোষিক বাবদ সর্বমোট চূড়ান্ত পরিশোধযোগ্য অর্থ	১৫,৭৭,৫১৬.৬৭ (পনের লক্ষ সাত্তার হাজার পাঁচশত ষোল টাকা সাতষষ্টি পয়সা)

০৮। জনাব মোঃ সিরাজ মোল্লা এর নামে ভবিষ্যতে কোন দায়-দেনার উদ্ভব হলে তিনি তা বহনে বাধ্য থাকবেন এ মর্মে সংস্থার নিয়ম মোতাবেক ৩০০/-টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গিকারনামা গ্রহণ করা হয়েছে যা কো-লেটারেল হিসাবে গণ্য হবে। অঙ্গিকারনামায় তার ব্যক্তিগত বৃত্তান্তসহ স্থাবর/অস্থাবর সম্পদের বিবরণ প্রদান করেছেন এবং সংশ্লিষ্ট কর্মচারী কর্তৃক করপোরেশনের সকল শাখা/বিভাগ হতে “নিঃদাবী সনদপত্র” গ্রহণ করা হয়েছে।

০৯। অবসর-উত্তর পাওনাদি পরিশোধের ক্ষেত্রে কোনক্রমেই জ্যেষ্ঠতা লংঘন করা যাবে না।

১০। এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো। ভবিষ্যতে এ সংক্রান্ত কোন ভুল ভ্রান্তি সংশোধনযোগ্য।

সংযুক্তি:-

১। অঙ্গিকার নামার ছায়ািলিপি।

(মোঃ শামীম রেজা খান)

মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা)

B

বিতরণ :

১। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), বিজেএমসি, ঢাকা।

২। জনাব মোঃ সিরাজ মোল্লা, প্রাক্তন গাড়ীচালক (সাঃ সেবা), বিজেএমসি, ঢাকা।

অনুলিপিঃ (নির্দেশক্রমে ই-মেইল যোগে প্রেরন করা হলো, জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাব্যবস্থাপক (এমআইএস), বিজেএমসি, ঢাকা। (সংস্থার ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

২। মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বিজেএমসি, ঢাকা।

৩। জ্যেষ্ঠ-উপ-প্রধান চিকিৎসা কর্মকর্তা, বিজেএমসি, ঢাকা।

৪। ব্যবস্থাপক (সাঃ সেবা), বিজেএমসি, ঢাকা।

৫। বিভাগীয় প্রধান (বীমা), বিজেএমসি, ঢাকা।

৬। চেয়ারম্যান মহোদয়ের উপ-ব্যবস্থাপক, বিজেএমসি, ঢাকা।

৭। পরিচালক (অর্থ) মহোদয়ের এসিও, বিজেএমসি, ঢাকা।

৮। সচিব মহোদয়ের সহ-ব্যবস্থাপক, বিজেএমসি, ঢাকা।

৯। অফিস কপি /মাষ্টার ফাইল।